

Question Bank for PG Course

বাংলা (Bengali)

অষ্টম পত্র (Paper-VIII)

**Swanirvar Anushilon (Gabesana Paddhati,
Anubad O Sahityamulya Bichar) : PGBG-VIII**

1. গবেষণাকর্মের প্রকৃত উদ্দেশ্য কী ?
2. Research' শব্দটির আক্ষরিক অর্থ কী ?
3. গবেষণাকর্মের প্রথম স্তর কোনটি ?
4. গবেষণাকর্মের ক্ষেত্রে টীকাকরণ কেন গুরুত্বপূর্ণ ?
5. গবেষণার বিষয় নির্বাচনের ক্ষেত্রে কোনটি সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ ?
6. ধরা যাক, কোনো গবেষক রবীন্দ্রনাথের 'উর্বশী' কবিতাটি নিয়ে গবেষণারত । সেক্ষেত্রে, তথ্য সংগ্রহের সময়, কোনটি হবে তাঁর গবেষণাপত্রের মুখ্য উৎস ?
7. সংগৃহীত তথ্য গবেষণাপত্রে সন্নিবিষ্ট করার সময় প্রকৃত গবেষকের কোনদিকে লক্ষ রাখা উচিত ?
8. গবেষণাকর্মে পরিচ্ছেদ বিভাজনের ক্ষেত্রে কোন বিষয়টি গুরুত্বপূর্ণ ?
9. গবেষণাপত্রের লিখনশৈলীতে কোন গুণটি আবশ্যিক ?
10. Translation কখন transcreation হয়ে ওঠে ?
11. অনুবাদচর্চা কেন প্রয়োজনীয় ?
12. অনুবাদের ক্ষেত্রে অনুবাদককে সর্বপ্রধান কোন সমস্যাটির সম্মুখীন হতে হয় ?
13. গীতাঞ্জলি' নিয়ে গবেষণাকর্মের ক্ষেত্রে একজন গবেষক 'Song offerings' পাঠ করবেন কেন ?
14. গবেষণাকর্মের ক্ষেত্রে প্রশ্নমালা প্রস্তুতির প্রয়োজন কেন ?
15. প্রশ্নমালা প্রস্তুতির ক্ষেত্রে প্রশ্নের ভাষাকেমন হওয়া উচিত ?
16. গবেষণাপত্র রচনায় সারণি ও নকশা-তালিকার অন্তর্ভুক্তি কি আবশ্যিক ?
17. গ্রন্থপঞ্জি রচনার ক্ষেত্রে একটি গ্রন্থ বর্ণানুক্রমে একবারমাত্র উল্লেখ করা হয় কেন ?
18. হামবোল্ডের মতানুসারে, অনুবাদের ক্ষেত্রে কোন ভাষাটির প্রতি অনুবাদকের অধিকতর দক্ষতা বাঞ্ছনীয় ?
19. বিজ্ঞান-বিষয়ক রচনা অনুবাদের তুলনায় সাহিত্য অনুবাদ কেন কঠিনতর ?
20. কোনো একটি অনুবাদ কখন কৃত্রিম হয়ে ওঠে ?

21. রোমিও জুলিয়েত' কার রচনা ?
22. শ্রীকৃষ্ণবিজয়', 'অপূর্ব দেশভ্রমণ', 'মেঘদূতম্', 'পদ্মাবতী' --- এগুলির মধ্যে কোন্টি অনূদিত রচনা নয় ?
23. কোডিঙ-এর মূল উদ্দেশ্য কী ?
24. গবেষণাকর্মে নির্দিষ্ট তথ্যের অবস্থান-নির্দেশক পৃষ্ঠাঙ্ক কোথায় উল্লিখিত থাকে ?
25. কোন্ ধরনের উৎস-ব্যবহারে ব্যক্তিনাম অনুল্লিখিত থাকে ?
26. ইংরেজি থেকে বাংলায় প্রথম অনূদিত গ্রন্থ কোন্টি ?
27. গবেষণাপত্র রচনার ক্ষেত্রে কোন্ বানান অভিধানটি মান্য করা উচিত ?
28. ক্ষেত্রসমীক্ষার ক্ষেত্রে উত্তরদাতার সুরক্ষার স্বার্থে গবেষকের কী করণীয় ?
29. প্রাতিষ্ঠানিক ডিগ্রি অর্জনের উদ্দেশ্যে গবেষণায় রত হলে, গবেষণার বিষয় স্থিরীকরণের ক্ষেত্রে, গবেষকের কোন্ বিষয়ে প্রথমত লক্ষ্য রাখা প্রয়োজন ?
30. গবেষণাপত্রে কোনো একটি গবেষণার সীমাবদ্ধতার উল্লেখ কি থাকা উচিত ?